

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রাউজান, চট্টগ্রাম।
bbs.raozan.chittagong.gov.bd

স্মারক নং ৫২.০১.১৫৭৪.০০০.০৬.০০১.২৩-০৩০

তারিখঃ ০৪ পৌষ ১৪৩০
১৯ ডিসেম্বর ২০২৩

সভার নোটিশ

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের নিমিত্তে আগামী ৩০ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রাউজান, চট্টগ্রাম-এ অত্র কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারী ও স্টেকহোল্ডারের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথাযময়ে অংশগ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

(এ. বি. এম. নূরুল্লাহ)
পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়,
রাউজান, চট্টগ্রাম।

☎ ০১৯৭৬৩৯০১১৫

✉ abmnoorullah@gmail.com

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম।

০২। উপজেলা _____ কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।

০৩। জনাব _____

০৩। অফিস কপি।

অভিযোগ প্রতিকার বিষয়ক সভার কার্যবিবরণী

সভার তারিখ	: ৩০ ডিসেম্বর ২০২৩
সময়	: সকাল ১০.০০ ঘটিকা
স্থান	: উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রাউজান, চট্টগ্রাম।
সভাপতি	: এ. বি. এম. নূরুল্লাহ, পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রাউজান, চট্টগ্রাম।
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতেই সভায় উপস্থিত থেকে পরিসংখ্যান কর্মকর্তা জনাব এ. বি. এম. নূরুল্লাহ বলেন, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কৌশল সরকারের একটি যুগোপযোগী পদক্ষেপ। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সেবাগ্রহীতাদের অভিযোগ আমলে নিয়ে তড়িৎ নিষ্পত্তির মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। অতঃপর সভাপতি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভার আলোচ্য বিষয়গুলো হলোঃ

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রাউজান, চট্টগ্রাম-এর কার্যাবলী অবহিতকরণ;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কৌশল বা GRS এর কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা;
- GRS সিস্টেমে অভিযোগ দায়েরের প্রক্রিয়া সম্পর্কে আলোচনা;
- বিবিধ।

০৩। আলোচ্য বিষয়াবলীর উপর বক্তব্য রাখেন অত্র কার্যালয়ের পরিসংখ্যান কর্মকর্তা জনাব এ. বি. এম. নূরুল্লাহ। প্রতিটি বিষয় তিনি বিস্তারিতভাবে ব্যাখ্যা করেন। প্রথমেই তিনি উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রাউজান, চট্টগ্রাম-এর কার্যাবলী সম্পর্কে অবহিত করেন। পরবর্তীতে GRS এর কার্যক্রম ও এর ব্যবহার সম্পর্কে আলোকপাত করেন।

০৪। আলোচ্য বিষয়ের উপর উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন। বিষয়টি সম্পর্কে নিয়মিত সভা আয়োজনের উপর গুরুত্বারোপ করা হয়। GRS বিষয়ক সভা আয়োজন করায় স্টেকহোল্ডারগণ ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৫। বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- GRS বিষয়ক সভা নিয়মিত আয়োজন করা হবে;
- GRS বিষয়ক ম্যানুয়াল ওয়েব পোর্টালে আপলোড করা হবে;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ের ফোকাল পয়েন্ট তড়িৎ অভিযোগ নিষ্পত্তি করবেন এবং তদসংশ্লিষ্ট প্রতিবেদন ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ. বি. এম. নূরুল্লাহ)
পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়,
রাউজান, চট্টগ্রাম।
☎ ০১৯৭৬৩৯০১১৫

✉ abmnoorullah@gmail.com

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম।
০২। অফিস কপি।

সভার হাজিরা

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের নিমিত্তে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রাউজান, চট্টগ্রাম-এ অনুষ্ঠিত স্টেকহোল্ডারের সমন্বয়ে কমিটির সভায় অংশগ্রহণকারীদের হাজিরাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	কর্মস্থল	স্বাক্ষর ৩০ ডিসেম্বর ২০২৩	মন্তব্য
১.	মোঃ মনির হোছাইন উপজেলা সমাজসেবা অফিসার	রাউজান, চট্টগ্রাম		
২.	মোঃ রহমত উল্লাহ উপ-সহকারী প্রকৌশলী	রাউজান, চট্টগ্রাম		
৩.	ফাহিমদা ইয়াছমিন উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা	রাউজান, চট্টগ্রাম		
৪.	মোহাম্মদ ওবাইদুল হক উপজেলা সমবায় কর্মকর্তা	রাউজান, চট্টগ্রাম		
৫.	মোহাম্মদ শাহ-ই-জাহান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	রাউজান, চট্টগ্রাম		

(এ. বি. এম. নূরুল্লাহ)
পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়,
রাউজান, চট্টগ্রাম।

☎ ০১৯৭৬৩৯০১১৫

✉ abmnoorullah@gmail.com